গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১।
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.০১১.০০৩.১৫-৭৯২

১৩ কার্তিক ১৪২২ বঙ্গাব্দ।
তারিখঃ ------------------------
২৮ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ।

## প্রজ্ঞাপন

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের বিগত ০১/০২/২০১৫ খ্রিঃ এর জেএসসি/পনিদ/নিয়োগ-৮ম বিজেএস/২/২০১৩/৩২৩ নম্বর স্মারকের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত নির্বাচিত প্রার্থীগণকে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে অস্থায়ী ভিত্তিতে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে সহকারী জজ পদে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন-ভাতাদি) আদেশ, ২০০৯ এর বেতন স্কেলে ষষ্ঠ গ্রেডে ১৬০০০-৬০০X ১৬-২৫৬০০ বেতনক্রম অনুসারে নিম্নলিখিত শর্তে নিয়োগ করা হলো এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত জেলায় সহকারী জজ (শিক্ষানবিস) হিসেবে পদায়ন করা হলো ঃ

| ক্রমিক নং | মেধা ক্রম | রোল নম্বর | পরীক্ষার্থীর পূর্ণ নাম | পিতা/স্বামীর নাম | নিবাস | অনুসৃত কোটা | নিয়োগকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ১ | ১৪৬৯ | তরিকুল ইসলাম | মোঃ নজরুল ইসলাম | বাগেরহাট | মেধা | সহকারী জজ, খুলনা |
| ২ | ২ | ৩০১ | বাদল কুমার চন্দ | দিলীপ কুমার চন্দ | কুমিল্লা | মেধা | সহকারী জজ, সিরাজগঞ্জ |
| ৩ | ৩ | ৩৮৭ | রুবাইয়া আক্তার | মৃত গিয়াসউদ্দীন শেখ | মুন্সীগঞ্জ | মেধা | সহকারী জজ, ময়মনসিংহ |
| ৪ | ৪ | ১৯৮২ | শাফিয়া শারমিন | মোঃ মোজাম্মেল হক | লালমনিরহাট | মেধা | সহকারী জজ, টাঙ্গাইল |
| ৫ | ৫ | ৯৫ | মোহাম্মদ রেজাউল হক | মোহাম্মদ আবু জাফর | চট্টগ্রাম | মেধা | সহকারী জজ, কুমিল্লা |
| ৬ | ৬ | ১১৮৯ | সহদেব চন্দ্র রায় | অমল চন্দ্র রায় | পঞ্চগড় | মেধা | সহকারী জজ, ঠাকুরগাঁও |
| ৭ | ৭ | ২৯৯ | সাবিনা ইয়াসমীন | গিয়াস উদ্দিন | ময়মনসিংহ | মেধা | সহকারী জজ, জামালপুর |
| ৮ | ৮ | ৩১৪ | মুহাম্মদ জিয়াদুল ইসলাম চৌধুরী | মোঃ নুরুল ইসলাম চৌধুরী | সিলেট | মেধা | সহকারী জজ, সুনামগঞ্জ |
| ৯ | ১০ | ৯৪৭ | ফারহা নূর রহমান | আবদুর রহমান | ঢাকা | মেধা | সহকারী জজ, চট্টগ্রাম |
| ১০ | ১১ | ১৮৬৪ | মোঃ আসাদুজ্জামান | মোঃ আবুল খায়ের | ঢাকা | মেধা | সহকারী জজ, সিরাজগঞ্জ |
| ১১ | ১২ | ১২০০ | কার্তিক চন্দ্র ঘোষ | জ্যোতিলাল ঘোষ | নোয়াখালী | মেধা | সহকারী জজ, ফরিদপুর |
| ১২ | ১৩ | ৯৪৮ | মুহসিনা হোসেন তুষি | এ. এম. মোশারফ হোসেন | জামালপুর | মেধা | সহকারী জজ, কিশোরগঞ্জ |
| ১৩ | ১৪ | ৪২৮ | সুমন কুমার কর্মকার | প্রেমানন্দ কর্মকার | রাজশাহী | মেধা | সহকারী জজ, পাবনা |
| ১৪ | ১৫ | ৫৪৪ | নয়ন বিশ্বাস | রনেন্দ্র প্রসাদ বিশ্বাস | গোপালগঞ্জ | মেধা | সহকারী জজ, ঝিনাইদহ |
| ১৫ | ১৬ | ২১৯২ | ফারাহ্ দিবা ছন্দা | মোঃ শাহ্ জামাল | গোপালগঞ্জ | মেধা | সহকারী জজ, সাতক্ষীরা |
| ১৬ | ১৭ | ১৯৭৬ | মোঃ সেলিম রেজা | মোঃ আব্দুল জলিল | কুষ্টিয়া | মেধা | সহকারী জজ, চুয়াডাঙ্গা |
| ১৭ | ১৮ | ৪১৬ | মোঃ উজ্জল মাহমুদ | মোঃ শামছুল ইসলাম | টাঙ্গাইল | মেধা | সহকারী জজ, নাটোর |
| ১৮ | ১৯ | ৫৪৬ | অরূপ কুমার বসাক | মৃত: অনিল কুমার বসাক | রাজবাড়ী | মেধা | সহকারী জজ, ফরিদপুর |
| ১৯ | ২০ | ৮৯৯ | জুয়েল দেব | সমীর কান্তি দেব | রাঙ্গামাটি | মেধা | সহকারী জজ, চট্টগ্রাম |
| ২০ | ২১ | ১৮৬৬ | মোঃ মঞ্জুরুল ইসলাম | মোঃ শামসুদ্দীন মিঞা | নড়াইল | মেধা | সহকারী জজ, সাতক্ষীরা |
| ২১ | ২২ | ২৭২৭ | মোঃ লিটন হোসেন | মোঃ আনোয়ার হোসেন | নাটোর | মেধা | সহকারী জজ, গাইবান্ধা |
| ২২ | ২৩ | ১৮৮৪ | মাইনুল ইসলাম | মৃত জাফর আলম | কক্সবাজার | মেধা | সহকারী জজ, লক্ষ্মীপুর |
| ২৩ | ২৪ | ৮৪৮ | উজমা শুকরানা | মোঃ জিয়াউদ্দিন চৌধুরী | চট্টগ্রাম | মেধা | সহকারী জজ, কুমিল্লা |
| ২৪ | ২৫ | ৮২৫ | মোছাঃ শামীমা খাতুন | মোঃ ইদ্রিস আলী | গাইবান্ধা | মেধা | সহকারী জজ, রংপুর |
| ২৫ | ২৭ | ৫৫৯ | মোঃ জাকী-আল-ফারাবী | মোঃ ফেরদৌস মিঞা | কিশোরগঞ্জ | মেধা | সহকারী জজ, হবিগঞ্জ |
| ২৬ | ২৮ | ১০৬৬ | তারান্নুম রাহাত | মাহবুবুর রহমান | কিশোরগঞ্জ | মেধা | সহকারী জজ, সুনামগঞ্জ |
| ২৭ | ২৯ | ১৫৬ | মিলন চন্দ্র পাল | নিতাই চন্দ্র পাল | রংপুর | মেধা | সহকারী জজ, বগুড়া |
| ২৮ | ৩০ | ৪৪৩ | মোছাঃ আসমা মাহমুদ | মোঃ শফি মাহমুদ/ স্বামী- মোঃ ইমরান হোসেন | সিরাজগঞ্জ | মেধা | সহকারী জজ, বগুড়া |
| ২৯ | ৩১ | ৯৫৩ | সুবর্ণা সেঁজুতি | মোঃ মজিবুর রহমান | নরসিংদী | মেধা | সহকারী জজ, দিনাজপুর |
| ৩০ | ৩২ | ৫৬৬ | মোঃ সোয়েবুর রহমান | মোঃ মোসলেম উদ্দিন | সিরাজগঞ্জ | মেধা | সহকারী জজ, নাটোর |

| ক্রমিক নং | মেধা ক্রম | রোল নম্বর | পরীক্ষার্থীর পূর্ণ নাম | পিতা/স্বামীর নাম | নিবাস | অনুসৃত কোটা | নিয়োগকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|---|---|
| ৩১ | ৩৩ | ১৩২৬ | আশরাফুন নাহার | মোঃ ওয়াজেদ আলী | শেরপুর | মেধা | সহকারী জজ, সিরাজগঞ্জ |
| ৩২ | ৩৪ | ৫৫১ | পবন চন্দ্র বর্মন | মানিক চন্দ্র বর্মন | বগুড়া | মেধা | সহকারী জজ, গাইবান্ধা |
| ৩৩ | ৩৫ | ৬০২ | নুসরাত শারমিন | মোঃ হেদায়েত উল্লাহ | ঢাকা | মেধা | সহকারী জজ, কিশোরগঞ্জ |
| ৩৪ | ৩৬ | ১৩৯০ | রাজিব আহমেদ তালুকদার | মোঃ হাবিবুর রহমান | নেত্রকোনা | মেধা | সহকারী জজ, জামালপুর |
| ৩৫ | ৩৭ | ২৬৫২ | সুধাংশু শেখর রায় | মৃত-জীবন চন্দ্র রায় | ফরিদপুর | মেধা | সহকারী জজ, কুষ্টিয়া |
| ৩৬ | ৩৮ | ১২৯৭ | জান্নাতুল রাফিন সুলতানা | রফিকুল ইসলাম/ স্বামী: মোঃ নাজিবুল ইসলাম | বগুড়া | মেধা | সহকারী জজ, রংপুর |
| ৩৭ | ৩৯ | ৫৫২ | উৎপল ঘোষ | ষষ্ঠী চন্দ্র ঘোষ | নাটোর | জেলা কোটা | সহকারী জজ, নওগাঁ |
| ৩৮ | ৪০ | ৯৮২ | মোঃ মনিরুজ্জামান সরকার | মোঃ আব্দুল আজিজ সরকার | গাইবান্ধা | জেলা কোটা | সহকারী জজ, দিনাজপুর |
| ৩৯ | ৪১ | ১৩৫২ | সোহেল ম্রং | সুশীল নকরেক | শেরপুর | উপজাতি কোটা | সহকারী জজ, কিশোরগঞ্জ |
| ৪০ | ৪২ | ৪২০ | মোহাম্মদ আশিকুর রহমান | মোহাম্মদ আনোয়ার হোসেন | ঝালকাঠি | জেলা কোটা | সহকারী জজ, বরিশাল |
| ৪১ | ৪৩ | ১২২৬ | বিলাস মন্ডল | সরোজিৎ মন্ডল | খুলনা | জেলা কোটা | সহকারী জজ, গোপালগঞ্জ |
| ৪২ | ৪৪ | ৩২৭৭ | আরোবিয়া খানম | গাউছুর রহমান | গাজীপুর | সাময়িকভাবে মুক্তিযোদ্ধার সন্তান কোটা | সহকারী জজ, নরসিংদী |
| ৪৩ | ৪৫ | ৯৫৪ | সাদিয়া আফরীন | মজিবুর রহমান/ স্বামী: ফয়সাল আহমেদ | মাদারীপুর | মুক্তিযোদ্ধার সন্তান | সহকারী জজ, বাগেরহাট |
| ৪৪ | ৪৬ | ১৭৫৮ | সারোয়ার জাহান | ফতেহ আলী | ব্রাহ্মণবাড়ীয়া | মুক্তিযোদ্ধার সন্তান | সহকারী জজ, চট্টগ্রাম |
| ৪৫ | ৪৭ | ৭০৯ | আকরামুল ইসলাম | আজাদ এম.এ মান্নান | ময়মনসিংহ | মুক্তিযোদ্ধার সন্তান | সহকারী জজ, টাঙ্গাইল |
| ৪৬ | ৪৮ | ২১৬৪ | নুসরাত মোস্তারী | আনোয়ারুল আজিম | চট্টগ্রাম | সাময়িকভাবে মুক্তিযোদ্ধার সন্তান কোটা | সহকারী জজ, নারায়নগঞ্জ |
| ৪৭ | ৪৯ | ৭০৩ | মোহাম্মদ ইকবাল হোসেন | মোহাম্মদ শাহজাহান | ব্রাহ্মণবাড়ীয়া | মুক্তিযোদ্ধার সন্তান | সহকারী জজ, সুনামগঞ্জ |
| ৪৮ | ৫০ | ২১১০ | ইয়াসমিন নাহার | মোঃ আব্দুর রশিদ/ স্বামী: মোঃ রেজানুর রহমান | যশোর | মুক্তিযোদ্ধার সন্তান | সহকারী জজ, মাগুরা |
| ৪৯ | ৫১ | ২৫৯৩ | মোঃ আল-মেহ্বুব | মোঃ জমসেদ আলী | ঠাকুরগাঁও | মুক্তিযোদ্ধার সন্তান | সহকারী জজ, গাইবান্ধা |
| ৫০ | ৫৩ | ২০০৩ | আনোয়ার হোসেন সাগর | জহিরুল হক | কিশোরগঞ্জ | সাময়িকভাবে মুক্তিযোদ্ধার সন্তান কোটা | সহকারী জজ, নেত্রকোনা |

২। **উক্তরূপে নিয়োগপ্রাপ্ত সহকারী জজ এর ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী প্রযোজ্য হবে ঃ**

(ক) শিক্ষানবিস সহকারী জজ হিসেবে চাকুরীতে যোগদানের তারিখ হতে তিন মাস (এক মাস সিনিয়র সহকারী জজ আদালতে, পনের দিন যুগ্ম জেলা জজ আদালতে, পনের দিন জেলা জজ আদালত/কার্যালয়ে এবং আগামী ০২/১২/২০১৫ খ্রিঃ হতে ৩১/১২/২০১৫ খ্রিঃ পর্যন্ত দেওয়ানী অবকাশকালীন সময়ে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে) সংশ্লিষ্ট জেলা জজ এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর তত্ত্বাবধানে আদালতের কার্যাবলী পরিচালনা সম্পর্কে প্রশিক্ষণ গ্রহণ করবেন;

(খ) এই নিয়োগপত্র অনুসারে যোগদানের তারিখ হতে ২ (দুই) বৎসরের জন্য তিনি শিক্ষানবিস স্তরে থাকবেন। তবে স্থায়ীকরণের পূর্বে উক্ত মেয়াদ এক বা একাধিকবার অতিরিক্ত ২ বৎসর পর্যন্ত বৃদ্ধি করা যাবে;

(গ) শিক্ষানবিস মেয়াদে (বর্ধিত মেয়াদকালসহ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার কর্তৃক নির্ধারিত এক বা একাধিক প্রতিষ্ঠানে সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(ঘ) পরীক্ষা ও প্রশিক্ষণ সম্পর্কে শিক্ষানবিস সহকারী জজগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮ অনুসরণ করা হবে;

(ঙ) শিক্ষানবিসকালে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ এবং বিভাগীয় পরীক্ষায় উর্ত্তীণ হবার পর অন্যান্য শর্তাদি প্রতিপালন সাপেক্ষে তাকে চাকুরীতে স্থায়ী (Confirm) করা হবে;

(চ) কোন শিক্ষানবিসের শিক্ষানবিস মেয়াদ বা বর্ধিত মেয়াদ থাকলে তা চলাকালে যে কোন সময় বা উহা শেষ হবার পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয়, বা ক্ষেত্রমত ছিল না কিংবা তাঁর কর্মদক্ষ হবার সম্ভবনা নাই বা তিনি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হননি বা প্রশিক্ষণ সমাপ্ত করেননি তা হলে নিয়োগকারী কৃর্তপক্ষ উক্ত মেয়াদ চলাকালে বা ক্ষেত্রমত উক্ত ৬ (ছয়) মাসের মধ্যে শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাতে পারবেন;

(ছ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ-কে (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হবার পূর্বেই একজন জামানতদারসহ ৫০ (পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসিকালে অথবা শিক্ষানবিসিকাল উর্ত্তীণ হবার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন তা হলে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন এবং প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত সমুদয় অর্থ ফেরৎ দিতে তিনি বাধ্য থাকবেন;

(জ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ যদি তাঁর ইস্তফা পত্র গৃহীত হবার পুর্বে-অনুচ্ছেদ (ছ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে কর্তব্য অনুপস্থিত থাকে তা হলে উপ-অনুচ্ছেদ (ছ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় র্অথ The Public Demands Recovery Act, 1913 (Act III of 1913) এর বিধান অনুসারে আদায়যোগ্য হবে;

(ঝ) এই প্রজ্ঞাপন দ্বারা নিয়োগপ্রাপ্ত সহকারী জজগণের এর জ্যেষ্ঠতা/মেধা তালিকা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক প্রদত্ত সুপারিশ অনুসারে র্নিধারিত হয়েছে;

(ঞ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হন তা হলে তাঁর এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ট) শিক্ষানবিস সহকারী জজ এর চাকুরী সংক্রান্ত অন্যান্য বিষয়ে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরাখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭ ও বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল র্নিধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ এবং সরকারের প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের ক্ষেত্রে প্রযোজ্য নিয়মাবলী বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ - ১১৬ সাপেক্ষে অনুসরণ করা হবে;

(ঠ) কোন শিক্ষানবিস সহকারী জজকে চাকুরীতে স্থায়ী করা হলে পেনশন, অর্জিত ছুটি ও অন্যান্য বিষয়ে শিক্ষানবিসকালীন মেয়াদ তার মোট চাকুরীকালে অন্তর্ভুক্ত হবে;

(ড) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্ট বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে তাঁর চাকুরীর শর্তাদি নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রণীতব্য আইন, আদেশ ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং

(ঢ) চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

৩। যদি উপরের শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হয় তা হলে তিনি আগামী ১৫-১১-২০১৫ খ্রিঃ পূর্বাহ্নে তাঁর নামের পার্শ্বে বর্ণিত জেলার জেলা ও দায়রা জজ এর নিকট যোগদান করবেন। সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ যোগদান পত্রের অনুলিপি আইন, বিচার ও সংসদ বিয়ষক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে প্রেরণ করবেন। নির্ধারিত তারিখে চাকুরীতে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত হননি মর্মে এই নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এই আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ-
(বিকাশ কুমার সাহা)
উপ-সচিব (প্রশাসন-১)
ফোনঃ ৯৫৪০৮৮৬।

নং-১০.০০.০০০০.১২৫.০১১.০০৩.১৫- ৭৯২

১৩ কার্তিক ১৪২২ বঙ্গাব্দ।
তারিখঃ ------------------------
২৮ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ।

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-</u>

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয়/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়/সেগুনবাগিচা, ঢাকা।

৫। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৬। জেলা ও দায়রা জজ, ......................................................................................।

সংশ্লিষ্ট নবনিযুক্ত সহকারী জজ এর যোগদানপত্রের অনুলিপি জরুরী ভিত্তিতে অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। যদি তিনি যোগদান না করেন তাও মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৭। মহানগর দায়রা জজ,.................................................................................।

৮। বিভাগীয় কমিশনার ,.................................................................................।

৯। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবন, ১৫ কলেজ রোড, ঢাকা।

১০। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,.......................................................................।

১১। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,...........................................................................।

১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

১৪। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-২/৩/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

১৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, কক্ষ নং ৫০৩, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।

১৬। উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো।

১৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/ রংপুর/ররিশাল।

১৮। জেলা হিসার রক্ষণ কর্মকর্তা, ....................................................................... ।

১৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিয়ষক মন্ত্রণালয়।

২০। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২১। জনাব/বেগম.......................................................................................

পিতা/স্বামী.........................................................................................।

(ফয়সল আতিক বিন কাদের)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১ (অঃ)।